Final

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

---------------------------------------------------------------------

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

---------------------------------------------------------------------

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২৪- ৩০ জুন, ২০২৫

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

# সূচিপত্র

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: সাধারণ  কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| সংযোজনী ১:শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপন পদ্ধতি | ৯ |

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

## কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

### (১) সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### (ক) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

- বাংলাদেশ-ভারত অভ্যন্তরীণ নৌপথ অতিক্রমণ ও বাণিজ্য প্রটোকল (PIWT&T) এর আওতায় বিগত ০৩(তিন) অর্থ বছরে (২০২১-২০২২, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪) মোট ১৩,৪৬৭টি ভয়েজ অনুমতি প্রদান করা হয়েছে।
- ''বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌরুট পারমিট, সময়সূচী ও ভাড়া নির্ধারণ) বিধিমালা-২০১৯'' এর বিধি ৩৬ অনুযায়ী ৫৫ ধরনের নৌযানের ফি প্রদান সাপেক্ষে নৌরুট পারমিট/সময়সূচি নেওয়ার জন্য গত ২৭/০৯/২০২১ তারিখ আদেশ জারি করা হয়। উক্ত আদেশ জারির পর অত্র বিভাগ হতে বিগত ০৩(তিন) অর্থবছরে (২০২১-২০২২, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪) মোট ৪১৩১টি যাত্রীবাহী লঞ্চ/নৌযান এবং মোট ৭৬২৯টি মালবাহী নৌযানের অনুকূলে রুটপারমিট/সময়সূচির অনুমোদন দেয়া হয়েছে।
- বিগত ০৩ বছরে ঈদ ও পূজার সময় যাত্রীদের নিরাপত্তার লক্ষ্যে ৬৯টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।
- বিআইডব্লিউটিএ'র নৌনিরাপত্তা ও ট্রাফিক বিভাগ কর্তৃক বিগত ০৩ বছরে (২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪) মোট ৫৫টি নৌপথ/নদী বন্দরে ট্রাফিক সার্ভে কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

### (খ) সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

- PIWT&T এর সিরাজগঞ্জ-দৈ খাওয়া ও আশুগঞ্জ-জাকিগঞ্জ প্রটোকল রুটে প্রতি বছরের শুষ্ক মৌসুমে নাব্যতা স্বল্পতার কারণে বাংলাদেশ-ভারতের মধ্যে নৌযান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।
- নৌপরিবহন অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বর্তমানে প্রায় ১৭০০০টি নিবন্ধিত যাত্রীবাহী/মালবাহী নৌযান এবং বিশ্বব্যাংক ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য মতে সারাদেশে অভ্যন্তরীণ নৌপথে ৭ লক্ষাধিক যাত্রীবাহী/মালবাহী নৌযান রয়েছে। তন্মধ্যে অধিকাংশ নৌযান নৌরুট পারমিট/সময়সূচির আওতার বাইরে। উল্লেখিত বিপুল সংখ্যক নৌযানকে নৌরুট পারমিট/সময়সূচির আওতায় আনার ক্ষেত্রে নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগে পর্যাপ্ত জনবল স্বল্পতা রয়েছে।
- ৪৯টি নদী বন্দরসহ অভ্যন্তরীণ সকল নৌপথে ট্রাফিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য বাৎসরিক বাজেটে অর্থের স্বল্পতা রয়েছে।
- কর্তৃপক্ষে সার্বক্ষণিক নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়িত না থাকায় প্রয়োজন অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করা সম্ভব হয় না।

### (গ) ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- PIWT&T এর আওতায় প্রটোকল রুট নং-৫/৬ এর আংশিক নৌপথ সুলতানগঞ্জ-মায়া নৌপথ চালু হওয়ার প্রেক্ষিতে সুলতানগঞ্জ-রাজশাহী-আরিচা নৌপথ চালুকরণের মাধ্যমে মধ্য ভারতের সাথে বাণিজ্য সম্প্রসারণ এবং দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন করা।
- নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সকল যাত্রীবাহী ও মালবাহী নৌযানকে রুট পারমিট/সময়সূচির আওতায় নিয়ে আসা।
- বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দের সংস্থান করার মাধ্যমে সকল নদী বন্দরসহ বাংলাদেশের অভ্যন্তরীণ সকল নৌপথে পর্যায়ক্রমে ট্রাফিক সার্ভে কার্যক্রম সম্পন্ন করা।
- প্রয়োজন অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেটের শিডিউল পাওয়া গেলে যতবেশি সম্ভব মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ফিটনেসবিহীন, সার্ভের মেয়াদ উত্তীর্ণ, ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রীবহন ও অবৈধ নৌযান বন্ধ করে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করা।

### ২০২৪-২০২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- PIWT&T এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ৩২৫০টি কার্গো জাহাজের ভয়েজ অনুমতি প্রদান করা।
- কর্তৃপক্ষের নিজস্ব জনবলের মাধ্যমে ১৮টি নদীবন্দর/নৌপথে ট্রাফিক সার্ভে কার্যক্রম সম্পাদন করা।
- ২০২৪-২৫ অর্থ বছরে ৮০০ যাত্রীবাহী নৌরুট পারমিট/সময়সূচি প্রদান করা।
- ২০২৪-২৫ অর্থ বছরে ৩৫০০টি মালবাহী নৌযানের অনুকূলে নৌরুট পারমিট প্রদান করা।
- যাত্রীদের নিরাপত্তার লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরে ১৫টি মোবাইল কোর্ট পরিচালনা করা।

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

-----------------------------------------------------------------------------------------------------------

এবং

-----------------------------------------------------------------------------------------------------------

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

সেকশন-১

<u>সাধারণ কার্যাবলী</u>

১) নৌ প্রটোকল রুটে মালবাহী জাহাজ চলাচলে ভয়েজ অনুমতি প্রদান করা ।

২) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের অনুকূলে রুট পারমিট/সময়সূচি প্রদান করা।

৩) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী মালবাহী নৌযানের অনুকূলে রুট পারমিট প্রদান করা।

৪) বাংলাদেশের অভ্যন্তরীণ প্রধান নৌপথ, শাখা নৌপথ, মরা নৌপথ এবং বন্দরভিত্তিক ট্রাফিক সার্ভে সম্পন্ন করা।

৫) ট্রাফিক নিরাপত্তা নিশ্চিতে মোবাইল কোর্ট পরিচালনা করা।

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

## সেকশন-২: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (১) নৌ-প্রটোকল রুটে চলাচলকারী নৌযানের ভয়েজ অনুমতি প্রদান, যাত্রীবাহী/মালবাহী নৌযানের অনুকূলে সময়সূচি/রুট পারমিট প্রদান, এবং অভ্যন্তরীণ নৌপথ/ বন্দরভিত্তিক ট্রাফিক সার্ভে ও মোবাইল কোর্ট পরিচালনা | ১০০ | (১.১) নৌ প্রটোকল রুটে মালবাহী জাহাজ চলাচলে ভয়েজ অনুমতি প্রদান | (১.১.১) প্রদত্ত ভয়েজ অনুমতি | সমষ্টি | সংখ্যা | ১ | ৪৪১৫ | ৪১৪৮ | ৩২৫০ | ৩২০০ | ৩১৫০ | ৩১০০ | ৩০০০ | ৩৩০০ | ৩৩৫০ |
| | | (১.২) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের রুট পারমিট প্রদান | (১.২.১) প্রদত্ত রুট পারমিট | সমষ্টি | সংখ্যা | ১ | ১৮৯১ | ১৬৯৭ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৮৫০ | ৯০০ |
| | | (১.৩) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী মালবাহী নৌযানের রুট পারমিট প্রদান | (১.৩.১) প্রদত্ত রুট পারমিট | সমষ্টি | সংখ্যা | ১ | ২০৫৯ | ৫২২৮ | ৩৫০০ | ৩০০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৩৮০০ | ৪০০০ |
| | | (১.৪) প্রধান নৌপথ, শাখা নৌপথ ও মরা নৌপথ/বন্দরভিত্তিক ট্রাফিক সার্ভে সম্পন্নকরণ। | (১.৪.১) সার্ভেকৃত নৌপথ | সমষ্টি | সংখ্যা | ১ | ১৮ | ২০ | ১৮ | ১৬ | ১৫ | ১৩ | ১০ | ২০ | ২২ |
| | | (১.৫) ট্রাফিক নিরাপত্তা নিশ্চিতে মোবাইল কোর্ট পরিচালনা। | (১.৫.১) পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | ১৪ | ৪৫ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ১৬ | ১৮ |

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

আমি, পরিচালক, নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) হিসেবে চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

৩০-০৬-২০২৪

পরিচালক
নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

তারিখ

৩০-০৬-২০২৪

চেয়ারম্যান
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
কমডোর আরিফ আহমেদ মোস্তফা
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ, ঢাকা

তারিখ

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |

মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)

## সংযোজনী- ২:

## কর্মসম্পাদন সূচকের পরিমাপন পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | (১.১) নৌ প্রটোকল রুটে মালবাহী জাহাজ চলাচলে ভয়েজ অনুমতি প্রদান | (১.১.১) প্রদত্ত ভয়েজ অনুমতি | বিভাগীয় প্রধানের প্রত্যয়ন/ মাসিক/ ত্রৈমাসিক হিসাবের প্রতিবেদন/সারসংক্ষেপ প্রতিবেদন ছবি/ভিডিও/গ্রহণ প্রতিবেদন |
| ২ | (১.২) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের রুট পারমিট প্রদান | (১.২.১) প্রদত্ত রুট পারমিট/সময়সূচি | |
| ৩ | (১.৩) অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী মালবাহী নৌযানের রুট পারমিট প্রদান | (১.৩.১) প্রদত্ত রুট পারমিট | |
| ৪ | (১.৪) প্রধান নৌপথ, শাখা নৌপথ, মরা নৌপথ এবং বন্দরভিত্তিক ট্রাফিক সার্ভে সম্পন্নকরণ। | (১.৪.১) সার্ভেকৃত নৌপথ/বন্দর | |
| ৫ | (১.৫) ট্রাফিক নিরাপত্তা নিশ্চিতে মোবাইল কোর্ট পরিচালনা। | (১.৫.১) পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | |

(মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (নৌ-নিট্রা)